# পরিচালকবৃন্দের প্রতিবেদন

বিস্‌মিল্লাহির রহ্‌মানির রহিম

**বার্ষিক সাধারণ সভায় সংযুক্ত সম্মানিত শেয়ারহোল্ডারগণ, সহকর্মীবৃন্দ এবং অতিথিবৃন্দ।**

আস্‌সালামু আলাইকুম।

আজিজ পাইপস্ লিমিটেড এর পরিচালনা পর্ষদের পক্ষ থেকে ৪১তম ভার্চুয়াল বার্ষিক সাধারণ সভায় আপনাদের সকলকে স্বাগত জানাচ্ছি এবং ৩০ জুন ২০২২ তারিখে সমাপ্ত অর্থবছরে নিরীক্ষকের প্রতিবেদন, নিরীক্ষিত আর্থিক বিবরণী ও পরিচালকবৃন্দের প্রতিবেদন উপস্থাপন করছি।

**১। কোম্পানির কার্যক্রমের উপর সংক্ষিপ্ত পর্যালোচনা ঃ**

আজিজ পাইপস্ লিমিটেড গুনগত মাণসম্পন্ন ইউপিভিসি পাইপ উৎপাদনকারী প্রতিষ্ঠান হিসেবে বিগত ৩৭ বছর যাবত উৎপাদন কার্যক্রম পরিচালনা করে আসছে। বৈশ্বিক মহামারী করোনা ভাইরাসের প্রার্দুভাব, বিশ্ব অর্থনীতিতে বিরূপ প্রভাবে কোম্পানির সংকট বেড়ে যাচ্ছে। আপনারা অবগত আছেন যে, দীর্ঘসময় কোম্পানি লভ্যাংশ প্রদানে ব্যর্থ হলেও বিগত ২০১৬-১৭ থেকে ২০১৯-২০ অর্থবছর পর্যন্ত কোম্পানি মুনাফা অর্জন করায় যথাক্রমে ৫% স্টক, ৫% স্টক এবং ৭% নগদ ১% নগদ লভ্যাংশ প্রদান করেছে। কোভিড-১৯ করোনা ভাইরাসের প্রার্দূভাব, চলতি মূলধনের অভাবে কাঁচামাল সরবরাহ না থাকায় আমাদের কারখানা সাময়িকভাবে বন্ধ থাকায় উৎপাদন ও বিক্রয় কার্যক্রম স্থবির হয়ে যায়, ফলে কোম্পানি আর্থিকভাবে ক্ষতিগ্রস্থ হয়েছে। কোম্পানির ৩০ জুন ২০২২ তারিখে সমাপ্ত অর্থবছরে ২৪,২৮৭,২২২/- টাকা নীট লোকসান হয়েছে। তাছাড়া কোম্পানি ঋণখেলাপী হওয়ায়, চলতি মূলধনের অভাব, ঋণ দায়গ্রস্থসহ নানা প্রতিকুলতার সম্মূখীন হয়েছে।

**২। আর্থিক ফলাফল ঃ**

৩০ জুন ২০২২ তারিখে সমাপ্ত বছরের আর্থিক ফলাফল এবং পাঁচ বৎসরের আর্থিক ফলাফলের একটি তুলনামূলক চিত্র নিম্নে তুলে ধরা হলঃ

(টাকায়)

| বিবরণ | ৩০ জুন ২০২২ | ৩০ জুন ২০২১ | ৩০ জুন ২০২০ | ৩০ জুন ২০১৯ (Restated) | ৩০ জুন ২০১৮ |
|---|---|---|---|---|---|
| ১। বিক্রয় | ১,৫৫,৭৭,৭২৯ | ১৫২,৩৮৭,৯১৫ | ২২৭,০৭৫,৬৮৭ | ৩১১,১৩০,৯৪২ | ২৫২,৪৭৩,৮৫৬ |
| ২। বাদঃ বিক্রিত পণ্যের ব্যয় | ২৯,৪৬,৩৩৭ | ১৩৪,৯৫৩,১১৩ | ১৯৫,৪৪১,১০২ | ২৭৪,৭৩৩,৯৩৭ | ২২১,৯৩২,৩৫৭ |
| ৩। মোট লাভ (১-২) | (১,২৬,৩১,৩৯২) | ১৭,৪৩৪,৮০২ | ৩১,৬৩৪,৫৮৫ | ৩৬,৩৯৭,০০৫ | ৩০,৫৪১,৪৯৯ |
| ৪। বাদঃ পরিচালন খরচ | ১,৩০,৯৩,৪৯৬/- | ২২,৭০৯,২৮৯ | ২৯,৪১৬,১২৪ | ২৯,৭৯৬,৬৫৩ | ২৬,৫৮৯,৪৮৭ |
| ৫। পরিচালন লাভ/(ক্ষতি) (৩-৪) | (২,৫৭,২৪,৮৮৭) | (৫,২৭৪,৪৮৭) | ২,২১৮,৪৬১ | ৬,৬০০,৩৫২ | ৩,৯৫২,০১২ |
| ৬। প্রাক উৎপাদন খরচ সমন্বয় | - | - | - | - | - |
| ৭। বাদঃ শ্রমিকদের মুনাফা তহবিল | - | - | ১০৫,৯৪৬ | ২৬২,১২০ | ১৯৭,৬০১ |
| ৮। বাদঃ আয়কর সঞ্চিতি | (১৫,৮৪,৬৪৯) | (১,১১৮,২৯৫) | ৭২৭,৫৯৬ | ১,২২২,৫৮১ | ২০৯,৪৭৮ |
| ৯। পূর্ববর্তী বছরের সমন্বয় | - | - | - | ২৫৭,৫৬৪ | - |
| ১০। নীট লাভ/(ক্ষতি) | (২,৪২,৮৭,২২২) | (৪,৩৯৩,৩০৭) | ১,৩৯১,৩১৮ | ৪,৮৬১,৬২৯ | ৩,৫৪৪,৯৩৩ |
| ১১। শেয়ার প্রতি আয় | (৪.৪৫) | (০.৮২) | .২৬ | .৯১ | .৭০ |

৩। **নীট লোকসান ঃ** ২০২১-২০২২ আর্থিক বছরে কোম্পানির ২৪,২৮৭,২২২/- টাকা নীট লোকসান হয়েছে।

৪। **লভ্যাংশঃ** ২০২১-২০২২ আর্থিক বছরে কোম্পানি ২৪,২৮৭,২২২/- টাকা নীট লোকসান করেছে। এবছরে নীট লোকসান হওয়ায় পুঞ্জীভূত লোকসানের পরিমান ৪৭৯,৭৫৬,৬৫৩/- টাকা। ফলে এ আর্থিক বছরে লভ্যাংশ ঘোষণা করা হয়নি।

৫। **অন্তর্বর্তীকালীন লভ্যাংশ ঃ** চলতি বছরে অন্তর্বর্তীকালীন সময়ে লভ্যাংশ প্রদানের মত মুনাফা অর্জিত না হওয়ায় অন্তর্বর্তীকালীন লভ্যাংশ প্রদান করা হয়নি।

৬। **পরিকল্পনা বাস্তবায়নঃ** পরিচালনা পর্ষদে কোম্পানির উন্নয়নকল্পে গৃহীত পরিকল্পনাসমূহের বাস্তবায়ন পরিস্থিতি নিম্নে বর্ণিত হলঃ

ক) পরিচালন ব্যয় কমানোর পদক্ষেপ গ্রহণ করা হয়েছে, যা এখনও অব্যাহত আছে। করোনা ভাইরাসের প্রার্দূভাব বিশ্ব অর্থনৈতিক অবস্থায় কাঁচামালের দুষ্প্রাপ্যতায় উৎপাদন বন্ধ থাকায় নির্দিষ্ট সংখ্যক জনবল থাকায় বেতন ভাতাদি কমার ফলে আর্থিক সাশ্রয় হয়েছে।

খ) উৎপাদনে প্রধান কাঁচামাল রেজিনের অত্যাধিক মূল্যবৃদ্ধি ও দুষ্প্রাপ্যতার কারণে সরবরাহ ব্যাহত হওয়ার ফলে কারখানার উৎপাদন বন্ধ থাকায় লক্ষ্যপূরন সম্ভব হয়নি।

গ) ডাচ্ বাংলা ব্যাংক লিঃ এর ঋণ পরিশোধের লক্ষ্যে সম্পাদিত সোলেনামা ব্যাংক কর্তৃক বাতিল করা হয়েছে। ব্যাংকের ঋণ পুনঃতফসিলিকরনের জন্য বাংলাদেশ ব্যাংকের জারীকৃত বিআরপিডি সার্কুলার নং-৫ মোতাবেক ডাউন পেমেন্ট প্রদান করে ব্যাংকে আবেদন করা হয়েছে।

ঘ) উত্তরা ব্যাংক লিঃ এর ঋণ পুনঃতফসিলিকরণের জন্য বাংলাদেশ ব্যাংকের জারীকৃত বিআরপিডি সার্কুলার নং-৫ মোতাবেক ডাউন পেমেন্ট প্রদান করে আবেদন করা হয়েছে।

৭। **ভবিষ্যৎ পরিকল্পনাঃ** কোম্পানির কার্যক্রম বৃদ্ধি এবং প্রতিবন্ধকতা দূর করে সুষ্ঠুভাবে পরিচালনার লক্ষ্যে পর্ষদে ২০২২-২০২৩ আর্থিক বছরের জন্য নিম্নলিখিত পরিকল্পনা গ্রহণ করা হয়েছেঃ

ক) বিআরপিডি সার্কুলার নং-৫ মোতাবেক ঋণ পুনঃতফসিলিকরণ, চলতি মূলধন/তহবিল সংগ্রহের ব্যবস্থার জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ;

খ) নিজস্ব উদ্যোগে কাঁচামাল আমদানীর ক্ষেত্রে CIB এর রিপোর্ট প্রধান অন্তরায় হবে, যা সমাধানের চেষ্টা চালানো হচ্ছে।

গ) কোম্পানির উৎপাদন কার্যক্রম গতিশীল রাখার জন্য CIB এর রিপোর্ট অনুকূলে আসলে কোম্পানির স্থাপনা, জমি ও মেশিনারীজসমূহের BMRE এর পদক্ষেপ গ্রহণ করা হবে।

পরিকল্পনাসমূহ বাস্তবায়নের ক্ষেত্রে প্রতিবন্ধকতাসমূহ দূরীভুত করার প্রচেষ্টা অব্যাহত রাখা, তা না হলে কোম্পানির কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনায় অনিশ্চিয়তা দেখা দিবে।

৮। **আগামি আর্থিক বছরের প্রত্যাশা ঃ** কোম্পানির চলতি মূলধনের ব্যবস্থা করা, স্থানীয় সরবরাহকারীগণ এর নিকট থেকে বাকিতে কাঁচামাল সংগ্রহ করে উৎপাদনের ধারাবাহিকতা বজায় রেখে ব্যাংকের ঋণ পুনঃতফসিলিকরণসহ CIB তালিকা থেকে কোম্পানির নাম বাদ দেয়ার উদ্যোগ গ্রহণ করা। বর্তমান বাস্তবতায় প্রত্যাশা পুরণে প্রতিবন্ধকতা থাকলেও কোম্পানির সর্বাত্নক প্রচেষ্টা থাকবে তার কার্যক্রম অব্যাহত রাখা।

৯। **কোম্পানির পণ্যসমূহ ঃ** ইউপিভিসি পাইপ ও পিভিসি প্রোফাইল।

১০। **বিক্রিত পণ্যের ব্যয় বিশ্লেষন, মোট প্রান্তিক মুনাফা এবং নীট প্রান্তিক মুনাফা ঃ**

ক) **বিক্রিত পণ্যের ব্যয় ঃ** চলতি বছরে বিক্রিত পণ্যের ব্যয় ছিল ২৮,২০৯,১২১/- টাকা যা বিগত বছরে ছিল ১৩৪,৯৫৩,১১৩/- টাকা। চলতি বছরের শেষে উৎপাদন কার্যক্রম বন্ধ থাকার কারণে বিক্রয়ের পরিমান উল্লেখযোগ্য হারে হ্রাস পাওয়াতে বিক্রিত পণ্যের ব্যয় কমেছে ১০৬,৭৪৩,৯৯২/- টাকা।

খ) **মোট মুনাফা ঃ** ৩০ শে জুন ২০২২ সমাপ্ত অর্থবছরে কোম্পানি মোট বিক্রয় করেছে ১৫,৫৭৭,৭২৯/- টাকা। গত বছরের বিক্রয়ের পরিমান ছিল ১৫২,৩৮৭,৯১৫/- টাকা। এ বছর মোট ক্ষতি হয়েছে ১২,৬৩১,৩৯২/- টাকা, যেখানে গত বছর মুনাফা ছিল ১৭,৪৩৪,৮০২/- টাকা।

গ) **নীট মুনাফা/লোকসান ঃ** চলতি বছর কর পরবর্তী নীট লোকসান হয়েছে ২,৪২,৮৭,২২২/- টাকা। বিক্রয় হ্রাস পাওয়ায় গত বছরের চেয়ে এবছর নীট লোকসান বৃদ্ধি পেয়েছে ১৯,৮৯৩,৯১৫/- টাকা।

১১। **উৎপাদিত পণ্যের ব্যয় ঃ** নিজস্ব উদ্যোগে সরাসরি L/C খুলে কাঁচামাল আমদানী করার সুযোগ না থাকায় স্থানীয় সরবরাহকারীর নিকট থেকে বাঁকিতে তুলনামূলক বেশী মূল্যে কাঁচামাল ক্রয় করার কারণে উৎপাদিত পণ্যের ব্যয়ের (COGS) হার তুলনামূলকভাবে বেশী হয়।

১২। **খাতওয়ারি অথবা পণ্য ভিত্তিক ফলাফল ঃ** ইউপিভিসি এবং এএসটিডি পাইপ- ৬২ মেঃটন, থ্রেড পাইপ-১২ মেঃটন এবং প্রোফাইল-৮ মেঃ টন সর্বমোট= ৮২ মেঃটন। করোনা প্রার্দুভাব ও কোম্পানির উৎপাদন ও বিক্রয় কার্যক্রম বন্ধ থাকায় লক্ষ্যমাত্রা অর্জন সম্ভব হয়নি।

১৩। **গত বছরের পরিচালনগত ফলাফলের সহিত চলতি বছরের ব্যবধান ঃ**

গত বছরের তুলনায় চলতি বছরে বিক্রয় হ্রাস পেয়েছে, কারণ করোনার প্রার্দূভাবে কার্যক্রম বাধাগ্রস্থ হওয়ায় এবং কোম্পানির উৎপাদন বন্ধ থাকায় এরূপ ব্যবধান পরিলক্ষিত হয়েছে।

১৪। **মূলধনী বিনিয়োগ ঃ** কোম্পানির উৎপাদন অব্যাহত রাখার জন্য চলতি বছরে প্রায় ২২.২২ লক্ষ টাকার মূলধনী সহায়ক যন্ত্রপাতিতে বিনিয়োগ হয়েছে।

১৫। **অস্বাভাবিক লাভ বা ক্ষতি ঃ** কোভিড-১৯ করোনা ভাইরাসের প্রার্দুভাবে কারখানায় উৎপাদন কার্যক্রম এবং বিক্রয় ব্যাহত হওয়ায় ক্ষতি হয়েছে প্রায় ১.০০ কোটি টাকা।

১৬। **অবন্টিত/অদাবীকৃত লভ্যাংশ এর টাকা "ক্যাপিটাল মার্কেট স্ট্যাবিলাইজেশন ফান্ডে" জমা প্রদানঃ**

বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন এর ১৪ জানুয়ারী ২০২১ তারিখের নির্দেশনা নং-বিএসইসি/সিএফআরআরসিডি/২০২১-৩৮৬/০৩ এবং বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন, ক্যাপিটাল মার্কেট স্ট্যাবিলাইজেশন ফান্ড বিধি ২০২১ অনুযায়ী কোম্পানির তিন বছর পূর্বের অবন্টিত/অদাবীকৃত লভ্যাংশের মোট ৩,০২,৫৫৩/- টাকা ২৭-১০-২০২২ তারিখে "ক্যাপিটাল মার্কেট স্ট্যাবিলাইজেশন ফান্ড" (CMSF), এ জমা প্রদান করা হয়েছে। অবন্টিত/অদাবীকৃত শেয়ারহোল্ডারদের নামের তালিকা কোম্পানির Website এ দেওয়া হয়েছে।

১৭। **আন্তঃসম্পর্কিত কোম্পানির লেনদেনসমূহ ঃ** এ বছর আন্তঃসম্পর্কিত কোন লেনদেন সম্পন্ন হয়নি।

**১৮। কোম্পানির কর্পোরেট প্রতিবেদন ঃ** বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের দিক নির্দেশনানুযায়ী পরিচালনা পর্ষদ শেয়ারহোল্ডারগণকে নিশ্চিত করছে যে,

(ক) কোম্পানির ব্যবস্থাপনা কর্তৃপক্ষ কর্তৃক প্রস্তুতকৃত আর্থিক বিবরণী পরিষ্কারভাবে এর কাজের অবস্থা, ফলাফল ও অর্থ প্রবাহের অবস্থা স্বচ্ছতার সাথে তুলে ধরা হয়েছে।

(খ) কোম্পানির হিসাব যথাযথভাবে নথিভূক্ত করা হয়েছে এবং সেগুলি সংরক্ষিত রয়েছে।

(গ) আর্থিক বিবরণীসমূহ প্রস্তুত করার ক্ষেত্রে যথাযথ নীতিমালা অনুসরণ করা হয়েছে এবং সে বিবরণীসমূহ বিচক্ষণতার সাথে সম্পন্ন করা হয়েছে।

(ঘ) বাংলাদেশের জন্য গৃহীত আন্তর্জাতিক হিসাব মান (IAS) এবং আন্তর্জাতিক আর্থিক প্রতিবেদন মান (IFRS) অনুসরণ করে আর্থিক বিবরণীসমূহ তৈরী করা হয়েছে এবং কোথাও কোন ব্যত্যয় থাকলে তা যথাযথভাবে প্রকাশ করা হয়েছে।

(ঙ) অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ব্যবস্থা সঠিকভাবে বাস্তবায়ন ও পর্যবেক্ষণ করা হয়েছে।

(চ) কোম্পানি একটি চলমান প্রকল্প হিসেবে চালু রয়েছে। টিকা-১.৭

(ছ) এ প্রতিবেদনে গত বৎসরের পরিচালন ফলাফল থেকে তাৎপর্যপূর্ণ বিচ্যুতির উপর আলোকপাত করা হয়েছে এবং তার কারণসমূহ ব্যাখ্যা করা হয়েছে।

(জ) পূর্ববর্তী পাঁচ বছরের আর্থিক ও পরিচালনার প্রধান তথ্যগুলি যথাযথভাবে ২নং টিকায় সন্নিবেশিত হয়েছে।

(ঝ) ৩০ জুন ২০২২ তারিখে সমাপ্ত অর্থবছরে পরিচালনা পর্ষদের মোট ৮টি সভা অনুষ্ঠিত হয়েছে, সভায় পরিচালকবৃন্দের উপস্থিতির বিবরণ নিম্নে প্রদত্ত হলোঃ

| ক্রমিক নং | পরিচালকগনের নাম | পদবী | সভা | উপস্থিতি |
|---|---|---|---|---|
| ০১ | জনাব এ.টি.এম. আহমেদুর রহমান | আইসিবি মনোনীত চেয়ারম্যান | ১ | ১ |
| | জনাব হাছিনা আক্তার | ” | ৮ | ৫ |
| ০২ | জনাব মোহাঃ আব্দুল হালিম | উদ্যোক্তা পরিচালক | ৮ | ৮ |
| ০৩ | জনাব মোঃ আহসান উল্লাহ্ | উদ্যোক্তা পরিচালক | ৬ | ৬ |
| | ইঞ্জিঃ শাহজাহান শিকদার | বিকল্প পরিচালক | | |
| ০৪ | জনাব মোঃ আসাদ উল্লাহ্ | পরিচালক | ৩ | ১ |
| | জনাব ডঃ আলী আহমেদ হাওলাদার | বিকল্প পরিচালক | ১ | ১ |
| ০৫ | জনাব মোঃ নূরুল হক | স্বতন্ত্র পরিচালক | ৮ | ৮ |
| ০৬ | জনাব খন্দকার নূরুজ্জামান | স্বতন্ত্র পরিচালক | ৮ | ৮ |

আইসিবি মনোনীত কোম্পানির চেয়ারম্যান জনাব এ.টি.এম. আহমেদুর রহমানকে আইসিবি কর্তৃক প্রত্যাহার করায় আইসিবি মনোনীত পরিচালক হাছিনা আক্তার কে ২৪০তম পর্ষদ সভায় কোম্পানির চেয়ারপারসন হিসেবে নিয়োগ করা হয়েছে। কোম্পানির পরিচালক জনাব মোহাঃ আসাদ উল্লাহ্ এর স্থলে বিকল্প পরিচালক হিসেবে নিয়োগের জন্য জনাব ডঃ আলী আহমেদ হাওলাদার পর্ষদে আবেদন করায় তাঁহাকে নিয়োগ প্রদান করা হয়েছে। যে সকল পরিচালকগণ সভায় উপস্থিত থাকতে পারেননি তাদের ছুটি পর্ষদ কর্তৃক অনুমোদন করা হয়েছে।

(ঞ) শেয়ার হোল্ডিং এর ধরণ নিরীক্ষিত হিসাব বিবরনীর ৯বি নং টিকায় উল্লিখিত হয়েছে।

i) কোম্পানির কোন সহযোগী প্রতিষ্ঠান নেই।

ii) পরিচালকগণ কর্তৃক ধারণকৃত শেয়ারের পরিমান ১ জুলাই ২০২১ থেকে ৩০ জুন ২০২২ পর্যন্ত নিম্নরূপ ছিল।

| পরিচালকগণের নাম | পদবী | শেয়ার সংখ্যা | শতাংশ হার (%) |
|---|---|---|---|
| জনাব মোহাঃ আব্দুল হালিম | উদ্যোক্তা পরিচালক | ১১০৪৪২ | ২.০৭ |
| জনাব মোঃ আহসান উল্লাহ্ | উদ্যোক্তা পরিচালক | ২২৮২৯৮ | ৪.২৭ |
| জনাব মোঃ আসাদ উল্লাহ্ | পরিচালক | ২৫৭৭৯০ | ৪.৮২ |
| আইসিবি ও আইসিবি ইউনিট ফান্ড | পরিচালক | ৬৮২৭৯৯ | ১২.৭৭ |
| হাছিনা আক্তার | আইসিবি ও আইসিবি ইউনিট ফান্ড মনোনীত পরিচালক | ০ | ০ |
| জনাব মোঃ নূরুল হক | স্বতন্ত্র পরিচালক | ০ | ০ |
| জনাব ড. স্বপন কুমার ধর | স্বতন্ত্র পরিচালক | ০ | ০ |

**ব্যবস্থাপনা পরিচালক, কোম্পানি সচিব, প্রধান অর্থ কর্মকর্তা, প্রধান অভ্যন্তরীণ নিরীক্ষা ও কম্প্লায়েন্স কর্মকর্তা এবং তাদের স্ত্রীর কোম্পানির শেয়ার মালিকানার অবস্থান ৩০.০৬.২০২২ তারিখে নিম্নরূপ ছিল।**

| ক্রমিক নং | নাম | শেয়ারের সংখ্যা | স্ত্রীর নাম | শেয়ারের সংখ্যা |
|---|---|---|---|---|
| ০১ | এস. এম. হেমায়েত উদ্দীন<br>ব্যবস্থাপনা পরিচালক | ০ | মিসেস হেলেনা আক্তার | ০ |
| ০২ | এ এইচ এম জাকারিয়া<br>কোম্পানি সচিব | ০ | সাবরিনা নাইস | ০ |
| ০৩ | মোঃ রাশিদুল হাসান<br>ব্যবস্থাপক (ফাইনান্স এন্ড একাউন্টস) ও প্রধান অর্থ কর্মকর্তা (সি.সি) | ০ | আয়েশা সিদ্দিকা | ০ |
| ০৪ | পাভেল আহমেদ<br>অভ্যন্তরীণ নিরীক্ষা ও কম্প্লায়েন্স কর্মকর্তা | ০ | প্রযোজ্য নয় | ০ |

iii) **পরিচালক, প্রধান নির্বাহী কর্মকর্তা, কোম্পানি সচিব, প্রধান অর্থ কর্মকর্তা, প্রধান অভ্যন্তরীণ নিরীক্ষক ও কম্প্লায়েন্স কর্মকর্তা ব্যতীত শীর্ষ ৫ (পাঁচ) জন বেতনভুগী কর্মকর্তার শেয়ার মালিকানার অবস্থান ৩০.০৬.২০২২ তারিখে নিম্নরূপ ছিল ঃ**

| ক্রমিক নং | নাম | পদবী | শেয়ারের সংখ্যা |
|---|---|---|---|
| ০১ | মোঃ মোস্তফা কামাল | কারখানা ব্যবস্থাপক | ০ |
| ০২ | মোঃ সিরাজুল ইসলাম | প্রোডাকশন ইনচার্জ | ০ |
| ০৩ | মোঃ রেজাউল ইসলাম | হেড অব শেয়ার ডিপার্টমেন্ট | ০ |
| ০৪ | কাজী মোঃ জসীম উদ্দিন | ক্যাশিয়ার | ০ |
| ০৫ | মোঃ মোস্তাকিম | হিসাব রক্ষক | ০ |

iv) কেবলমাত্র আইসিবি ইউনিট ফান্ড ১০ শতাংশের বেশী শেয়ার ধারণ করছে।

**১৯। পরিচালকবৃন্দের অবসর ও পুনর্নির্বাচন ঃ**

i) পরিচালকদের সংক্ষিপ্ত জীবন বৃত্তান্ত বার্ষিক প্রতিবেদনের ৭ ও ৮নং পৃষ্ঠায় বর্ণিত রয়েছে।

ii) পরিচালকদের অভিজ্ঞতা তাঁদের জীবন বৃত্তান্তে উল্লেখ রয়েছে।

iii) ২০২১-২০২২ অর্থবছরে নিম্নলিখিত ব্যক্তিবর্গ কোম্পানির পরিচালক হিসেবে দায়িত্ব পালন করেছেন।

| ক্রমিক নং | পরিচালকগনের নাম | পদবী | কার্যকাল | কমিটি পদ |
|---|---|---|---|---|
| ০১ | এটিএম আহমেদুর রহমান | পরিচালক | ২৭/১০/২০১৬ তারিখে থেকে ১৯/০৮/২০২১ পর্যন্ত | |
| ০২ | মোহাঃ আব্দুল হালিম | পরিচালক | উদ্যোক্তা | |
| ০৩ | মোঃ আহসান উল্লাহ্ | পরিচালক | উদ্যোক্তা | |
| ০৪ | মোঃ আসাদ উল্লাহ্ | পরিচালক | কার্যক্রম শুরুথেকে পর্ষদে আছেন | |
| ০৫ | মিস্ হাছিনা আক্তার | আইসিবি মনোনীত পরিচালক | ২৮/১০/২০২০ তারিখ থেকে পর্ষদে আছেন | |
| ০৬ | ডঃ স্বপন কুমার ধর | স্বতন্ত্র পরিচালক | ২৮/০৪/২০২২ তারিখ থেকে পর্ষদে আছেন | চেয়ারপারসন, NRC |
| ০৭ | মোঃ নূরুল হক | স্বতন্ত্র পরিচালক | ০১/০৬/২০২১ তারিখ থেকে ২য় মেয়াদে পর্ষদে আছেন | চেয়ারপারসন,অডিট কমিটি |

উদ্যোক্তা পরিচালক জনাব মোহাঃ আহসান উল্লাহ্ কোম্পানির সংঘ বিধির ১২৮ ও ১২৯ ধারা অনুযায়ী পরিচালক পদ থেকে অবসর নিয়েছেন এবং উক্ত বিধির ১৩০ ধারা অনুযায়ী পুনর্নির্বাচনের ইচ্ছা প্রকাশ করেন, যোগ্যবিধায় তাঁকে পুনর্নিয়োগের সুপারিশ করা হ'ল। উল্লেখ্য যে, বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের নোটিফিকেশন নং BSEC/CMRRCD/2006-158/207/Admin/80 তারিখঃ ৩ জুন ২০১৮ এর Condition ১. (২) (ব) মোতাবেক স্বতন্ত্র পরিচালকগণ ৩ (তিন) বৎসরের জন্য নিয়োগপ্রাপ্ত হওয়ায় স্বতন্ত্র পরিচালক জনাব মোঃ নূরুল হক ও ডঃ স্বপন কুমার ধর কে অবসর ও পুনর্নির্বাচনের আওতায় নেওয়া হয়নি।

**২০। চেয়ারম্যান হিসেবে মনোনয়ন প্রদানঃ** কোম্পানির পরিচালনা পর্ষদের ২৫০তম সভায় গৃহীত সিদ্ধান্ত মোতাবেক স্বতন্ত্র পরিচালক জনাব মোঃ নূরুল হক কে চেয়ারম্যান হিসেবে মনোনয়ন প্রদান করা হয়েছে, যা অনুমোদনের জন্য বার্ষিক সাধারণ সভায় উপস্থাপন করা হলো।

**২১। ব্যবস্থাপনা পরিচালক নিয়োগ ঃ** কোম্পানির পরিচালনা পর্ষদের ২৪৪তম সভায় জনাব এস. এম. হেমায়েত উদ্দীন কে ব্যবস্থাপনা পরিচালক হিসেবে নিয়োগ প্রদান করা হয়েছে, যা ২১ ডিসেম্বর ২০২১ তারিখ থেকে কার্যকর হয়েছে।

২২। **চলমান-ব্যবসায় প্রতিষ্ঠান ঃ** পরিচালনা পর্ষদ প্রত্যাশা করে যদি কোভিড-১৯ পরবর্তী বর্তমান পরিস্থিতি এবং বিশ্ব অর্থনৈতিক সংকট যথাযথভাবে মোকাবেলা, ঋণ পুনঃতফসিলিকরণ, চলতি মূলধনের ব্যবস্থা করণ, উৎপাদন সক্ষমতা ও অবকাঠামোগত সম্পদের সর্বোচ্চ ব্যবহার নিশ্চিত করা যায় তবে অত্র কোম্পানি ভবিষ্যতেও তার কার্যক্রম সুষ্ঠুভাবে চালিয়ে যেতে সক্ষম হবে।

২৩। **অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ঃ** কোম্পানির অভ্যন্তরীণ নিরীক্ষা কমিটি বিদ্যমান রয়েছে কমিটি নিয়ন্ত্রণ ব্যবস্থা নিশ্চিত করছে এবং এক্ষেত্রে একজন অভ্যন্তরীণ নিরীক্ষক ও কম্প্লায়েন্স কর্মকর্তা দায়িত্ব পালন করছেন।

২৪। **নিরীক্ষকের প্রতিবেদনে উল্লেখিত মতামতের উপর আমাদের ব্যাখ্যা ঃ**

i) কোম্পানি লোকসানে থাকায় Retained Earning Negative হয়েছে। CIB এর রিপোর্ট কোম্পানির অনুকূলে না থাকায় কোন আর্থিক প্রতিষ্ঠান থেকে আর্থিক সুবিধা নিতে পারেনা। যার ফলশ্রুতিতে কোম্পানি বিভিন্ন সময়ে তারল্য সংকটে পড়েছে এবং চলতি বছরে Production Capacity এর মাত্র ১.৬৬% Utilize করতে পেরেছে। কারণ করোনা ভাইরাসের প্রার্দুভাব, কাঁচামালের উচ্চ মূল্য দুস্প্রাপতায় উৎপাদন কার্যক্রম বন্ধ ছিল। বিআরপিডি সার্কুলার নং-৫ মোতাবেক ব্যাংকের ঋণ পুনঃতফসিলিকরণের জন্য আবেদন মঞ্জুর হলে আর্থিক সংকট দুর হবে বলে আশা করি। ইতোমধ্যে কারখানার উৎপাদন কার্যক্রম চালু হয়েছে, নিয়মিত উৎপাদন এবং বিক্রয় কার্যক্রম পরিচালনা করে সূচকের উন্নতি সাধনে সক্ষম হব।

ii) কোম্পানির Factory Building & other Construction এবং Land Development পূর্নমূল্যায়ন যথাসময়ে করা হয়নি, IAS-16 para-34 অনুযায়ী ৩ থেকে ৫ বছরের মধ্যে পুর্নমূল্যায়ন করার নিয়ম থাকলেও আগামিতে এ বিষয়ে পদক্ষেপ গ্রহণ করা হবে।

iii) কোম্পানি ১৯৮৫ সাল হইতে উৎপাদন কার্যক্রম পরিচালনা করে আসছে। যার ফলে কোম্পানির মজুদ পণ্যের সাথে Damaged এবং Obsolete মালামাল রয়েছে। নিরীক্ষকগন ৩, ৩৬, ৯০, ২৩৩ টাকার আংশিক মালামাল Damaged এবং Obsolete হয়েছে বলে আর্থিক প্রতিবেদনে উল্লেখ করেছেন। উল্লেখিত পরিমান টাকার মালামালের মধ্যে অধিকাংশই ব্যবহার অনুপোযোগী হওয়ায় এ বিষয়ে পর্ষদের অনুমতিক্রমে যথাযথ পদক্ষেপ গ্রহণ করা হবে।

iv) কোম্পানির উৎপাদন কার্যক্রম দীর্ঘদিন বন্ধ থাকায় Account Receivable এর কিছু টাকা ডিলারদের নিকট বকেয়া রয়েছে। আমরা আশা করছি যেহেতু উৎপাদন ও বিক্রয় কার্যক্রম চালু হয়েছে, এমতাবস্থায় Account Receivable এবং অন্যান্য বকেয়া আদায় সাপেক্ষ্যে পর্যায়ক্রমে সমন্বয় করা যাবে।

v) বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন এর নিয়মানুযায়ী স্টক এক্সচেঞ্জে তালিকাভুক্ত কোম্পানির ক্ষেত্রে স্বতন্ত্র পরিচালক ছাড়া, উদ্যোক্তা পরিচালক এবং পরিচালকদের শেয়ার ধারণ সম্মিলিতভাবে ৩০ শতাংশ থাকার বাধ্যবাধকতা রয়েছে। CDBL এর প্রতিবেদন মোতাবেক দেখা যায় ICB Unit Fund তাদের শেয়ার বিক্রয় করায় কোম্পানির পরিচালকদের সম্মিলিত শেয়ার ধারণ দাড়ায় ২৩.৯৩ শতাংশ। কমিশন বরাবরে ৩০% শেয়ার ধারণের জন্য সময় চেয়ে আবেদন করা হয়েছে।

vi) কোম্পানি কর্তৃক পরিচালিত ব্যাংকের চলমান হিসাবসমূহের বিবরণী এবং লিজ ফাইন্যান্স এর স্টেটমেন্ট অডিটরদেরকে সরবরাহ করা হয়েছে। ডাচ্ বাংলা ব্যাংক ও উত্তরা ব্যাংক লিঃ কে যথাযথ হিসাব বিবরণী (Proper Bank Statement) প্রদানের জন্য বারংবার আবেদন করলেও তারা যথাযথ হিসাব বিবরণী প্রদান না করায় লোন হিসাবের ব্যাংক স্টেটমেন্ট এর ব্যালেন্স্ সার্টিফিকেট অডিটরদের সরবরাহ করা সম্ভব হয়নি।

vii) হজ্জ ফাইন্যান্স কোম্পানি কর্তৃক বিগত বছরগুলিতে স্টেটমেন্ট প্রদান না করায় সে সময়ে ধার্য্যকৃত মুনাফা আমরা Expense হিসাবে চার্জ করতে পারিনি। উক্ত মুনাফা সমূহ চলতি বছরের সাথে সমন্বয় করে দেখানো হয়েছে।

viii) কোম্পানির উৎপাদিত পণ্যের কাঁচামাল ১০০% আমদানী নির্ভর হওয়া সত্ত্বেও কোম্পানির যেহেতু ব্যাংকিং সুবিধা গ্রহণ করে L/C খুলে কাঁচামাল আমদানীর সুযোগ নেই ফলে উৎপাদন কার্যক্রম অব্যাহত রাখার জন্য স্থানীয় সরবরাহকারীর নিকট থেকে কাঁচামালের মূল্য নির্দিষ্ট করার পরে সরবরাহকারীকে ATV Rebate পাওয়ার জন্য মূল্য ঘোষণা দিতে হয়। সরবরাহকারীর সাথে কাঁচামালের মূল্য নির্দিষ্ট (Fixed-up) হবার পরও ATV Rebate নেওয়ার জন্য সরবরাহকারীর cost price এর সাথে মূল্য সংযোজনের পর সরবরাহকারীর ঘোষণাকৃত মূল্য আমাদের মাসিক রিটার্নে জমা দিতে হয়, যেখানে সরবরাহকারী বিক্রয় মূল্য (আজিজ পাইপস্ লিঃ এর ক্রয়মূল্য) প্রকৃত বিক্রয় মূল্যের চেয়ে বেশী হবার প্রেক্ষিতে আজিজ পাইপের মাসিক দাখিলায় Purchase মূল্য বৃদ্ধি পায়, এই কারণে হিসাবে রক্ষিত ক্রয়মূল্যের সাথে মাসিক দাখিলায় (Monthly Return) ক্রয়মূল্য বেশী পরিলক্ষিত হয়। হিসাবে রক্ষিত ক্রয় মূল্যেই সরবরাহকারীকে পরিশোধ করা হয়। এক্ষেত্রে কোম্পানির আর্থিক বিবরণীতে আর্থিক অবস্থার কোন তারতম্য হয় না।

২৫। **মানব সম্পদ ব্যবস্থাপনা ও উন্নয়ন ঃ** প্রশিক্ষিত জনবল দ্বারা উৎপাদন প্রক্রিয়ায় মান নিয়ন্ত্রনের মাধ্যমে গুনগতমান সম্পন্ন পণ্য উৎপাদন করে গ্রাহক সেবা সমুন্নত রাখতে কোম্পানি আন্তরিক। সে লক্ষ্যে কর্মকর্তা কর্মচারীদের পেশাগত দক্ষতা ও সার্বিক মান ও সামর্থ্য বৃদ্ধির লক্ষ্যে কারিগরি, তথ্য প্রযুক্তিগত ও আধুনিক প্রশিক্ষণে প্রশিক্ষিত করে পেশাগত জ্ঞানে দক্ষ করে গড়ে তোলার পদক্ষেপ গ্রহণ করা হয়েছে।

২৬। **প্রাথমিক গণপ্রস্তাব (আইপিও)/পুনঃগণপ্রস্তাব (আরপিও)/রাইটস অফার (আরও) ঃ** কোম্পানিতে আলোচ্য সময়ে প্রাথমিক গণপ্রস্তাব, পুনঃগণপ্রস্তাব ও রাইটস অফার সংক্রান্ত কার্যাদি সংগঠিত হয়নি।

২৭। **পাবলিক ইস্যু অথবা রাইট ইস্যু হইতে প্রাপ্ত তহবিলের ব্যবহার ঃ** এ বছর কোন পাবলিক ইস্যু অথবা রাইট ইস্যু করা হয়নি।

২৮। **ত্রৈমাসিক ও বার্ষিক প্রতিবেদনের মধ্যে পরিবর্তন ঃ** আলোচ্য সময়ের বার্ষিক প্রতিবেদনের সাথে ত্রৈমাসিক প্রতিবেদনের উল্লেখযোগ্য পরিবর্তন সাধিত হয়েছে। চলতি বছর কিছুদিন উৎপাদন বন্ধ হওয়ার কারণে বিক্রয় কম হয়েছে, ফলে নীট ক্ষতি হয়েছে, তাছাড়া বিক্রয়লব্ধ টাকা আদায়ের পরিমান হ্রাস পাওয়ায় পূর্ববর্তী বছরের তুলনায় NOCFPS হ্রাস পেয়েছে।

২৯। **প্রাতিষ্ঠানিক সুশাসন ঃ** আজিজ পাইপস্ লিঃ সর্বদাই সকল প্রকার আইন ও নীতিমালা এবং কর্পোরেট গভর্ন্যান্স কোড পরিপালনে অঙ্গীকারাবদ্ধ। প্রাতিষ্ঠানিক সুশাসন চলমান রাখার নিমিত্তে কোম্পানি বিএসইসি, ডিএসই, সিএসই ও অন্যান্য সরকারী সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের নিয়ম ও আইনকানুন কঠোরভাবে পালন করে। বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন কর্তৃক জারীকৃত নোটিফিকেশন মোতাবেক কর্পোরেট গভর্ন্যান্স কোড পরিপালন সম্পর্কিত বিষয়ে ৪০তম বার্ষিক সাধারণ সভায় শেয়ারহোল্ডারগণ কর্তৃক নিরীক্ষা প্রতিষ্ঠান আর্টিসান, চার্টার্ড একাউন্ট্যান্টস কে নিয়োগ করা হয়েছে।

৩০। **বহিঃনিরীক্ষক নিয়োগ ঃ** বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন এর আদেশ নং-SEC/CMRRCD/2009-193/174/Admin/ /61 তারিখ ০৮ জুলাই ২০১৫ইং অনুযায়ী কমিশন কর্তৃক অনুমোদিত নিরীক্ষক প্যানেল থেকে নিরীক্ষক নিয়োগ করতে হবে। বর্তমান নিরীক্ষক মেসার্স রহমান মোস্তফা আলম এন্ড কোং বিগত তিন বছর নিরীক্ষা কার্যসম্পাদন করেছে, বিধি মোতাবেক পরবর্তী বছর নিরীক্ষা কার্যসম্পাদন করতে পারবেনা। এমতাবস্থায়, ২০২২-২০২৩ আর্থিক বছরের জন্য ৩টি নিরীক্ষা প্রতিষ্ঠান নিরীক্ষক হিসেবে নিয়োগের জন্য আবেদন করেছে। পরিচালনা পর্ষদ উক্ত আবেদনগুলি পর্যালোচনা করে এবং নিরীক্ষা কমিটির সুপারিশের আলোকে সর্বনিম্ন দরদাতা ও যোগ্য হওয়ায় বার্ষিক ১,৭৫,০০০/- (এক লক্ষ পঁচাত্তর হাজার) টাকা পারিশ্রমিকে মেসার্স আর্টিসান, চার্টার্ড একাউন্ট্যান্টস কে ২০২২-২০২৩ আর্থিক বছরের জন্য নিরীক্ষক হিসেবে নিয়োগ দানের জন্য বার্ষিক সাধারণ সভায় সুপারিশসহ উপস্থাপন করছে।

৩১। **Independent Scrutinizer নিয়োগঃ** বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের Directive No. BSEC/CMRRCD/2009-193/08 তারিখ মার্চ ১০, ২০২১ অনুযায়ী কোম্পানির ৩০ জুন ২০২২ তারিখে সমাপ্ত আর্থিক বছরের Digital Platform এ অনুষ্ঠিতব্য ভার্চুয়াল বার্ষিক সাধারণ সভা যথাযথভাবে নিয়মনীতি পরিপালন করেছে কিনা, সে বিষয়ে Independent Scrutinizer নিয়োগ করতে হবে। উক্ত Independent Scrutinizer বার্ষিক সাধারণ সভায় উপস্থিত বা সংযুক্ত থেকে Voting সহ অন্যান্য কার্যাদি যথাযথভাবে পরিপালন বিষয়টি নিরীক্ষন করবে এবং বার্ষিক সাধারণ সভা শেষে যথাসময়ে কমিশন বরাবরে প্রতিবেদন দাখিল করবেন। কোম্পানির ৪১তম বার্ষিক সাধারণ সভায় Independent Scrutinizer হিসেবে নিয়োগের জন্য নিরীক্ষা প্রতিষ্ঠানের আবেদন এর উপরবিস্তারিত আলোচনা শেষে অডিট কমিটির সুপারিশ, কাজের পূর্ব অভিজ্ঞতা ও যোগ্য হওয়ায় এইচ এম এনাম এন্ড কোং, চ্যার্টার্ড একাউনটেন্টসকে নিরীক্ষন কার্যসম্পাদনের জন্য Independent Scrutinizer হিসেবে নিয়োগ প্রদান করা হয়েছে।

৩২। **CGC পরিপালন বিষয়ে নিরীক্ষক নিয়োগঃ** বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের নোটিফিকেশন নং-BSEC/CMRRCD/2006-158/207/Admin/80 তারিখ জুন ৩, ২০১৮ অনুযায়ী Corporate Governance Code কোম্পানি পরিপালন করছে কিনা এ বিষয়ে নিরীক্ষক বার্ষিক সাধারণ সভায় নিয়োগ করতে হবে। ২০২২-২০২৩ আর্থিক বছরের CGC পরিপালন সম্পর্কিত বিষয়ে নিম্নলিখিত নিরীক্ষা প্রতিষ্ঠানগুলি নিরীক্ষক হিসেবে নিয়োগের জন্য আবেদন করেছে। নিম্লোক্ত প্রতিষ্ঠানসমূহের মধ্যে ১টি প্রতিষ্ঠানকে নিয়োগ দানের জন্য বার্ষিক সাধারণ সভায় উপস্থাপন করা হলো।

| ক্রমিক নং | নিরীক্ষা প্রতিষ্ঠানের নাম | পারিশ্রমিক |
|---|---|---|
| ১ | এম এন ইসলাম এন্ড কোং, চার্টার্ড একাউন্ট্যান্টস | ৫০,০০০/- |
| ২ | এম আই চৌধুরী এন্ড কোং, চার্টার্ড একাউন্ট্যান্টস | ৫০,০০০/- |
| ৩ | এইচ এম এনাম এন্ড কোং, চার্টার্ড একাউন্ট্যান্টস | ৪০,০০০/- |

৩৩। **অডিট কমিটি ঃ** অডিট কমিটি তিনজন পরিচালক নিয়ে গঠিত। স্বতন্ত্র পরিচালক জনাব মোঃ নূরুল হক কমিটির চেয়ারপারসনের দায়িত্ব পালন করছেন। অডিট কমিটির উদ্দ্যেশ্য হচ্ছে কোম্পানির অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ব্যবস্থা সুনির্দিষ্ট ও সূচারুরূপে পরিচালনা নিশ্চিত করা এবং পরিচালনা পর্ষদকে তথ্য প্রদান করে সহযোগিতা করা। তাছাড়াও বার্ষিক হিসাব বিবরণী ও ত্রৈমাসিক (Quarterly) হিসাব বিবরণীসমূহ পর্যালোচনা করে মতামতসহ পরিচালনা পর্ষদে উপস্থাপনের সুপারিশ করা। অডিট কমিটির প্রতিবেদন আর্থিক প্রতিবেদনের ১৭ নং পৃষ্ঠায় প্রকাশ করা হয়েছে।

৩৪। **নমিনেশন অ্যান্ড রিমিউনারেশন কমিটি** (NRC) **ঃ** বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের নোটিফিকেশন নং BSEC/CMRRCD/2006-158/207/Admin/80 তারিখঃ ৩ জুন ২০১৮ এর Condition No. ৬ মোতাবেক কোম্পানির বোর্ডে সাব কমিটি হিসেবে Nomination and Remuneration Committee (NRC) দায়িত্ব পালন করছে। ২০২১-২০২২ আর্থিক বছরে কমিটির ৩টি সভা অনুষ্ঠিত হয়েছে। ইহাছাড়াও চলতি বছর ব্যবসায়িক কার্যক্রম বৈশ্বিক মহামারি কোভিড-১৯ এর প্রভাবে নেতিবাচক হওয়ার কারণে উর্ধতন কর্মকর্তাদের বেতন ভাতাদি কমানো হয়েছে এবং উৎপাদন বন্ধ থাকায় অবসর প্রাপ্তদের গ্র্যাচুইটি ও অর্জিত ছুটিসহ সকল পাওনাদি পরিশোধের সুপারিশ করায় তাদের সকল পাওনাদি পরিশোধ করা হয়েছে। NRC এর প্রতিবেদন বার্ষিক প্রতিবেদনের ১৯ নং পাতায় প্রকাশ করা হয়েছে।

৩৫। **জাতীয় কোষাগারে অবদান ঃ** কোম্পানি আলোচ্য সময়ে জাতীয় কোষাগারে প্রত্যক্ষ ও পরোক্ষভাবে প্রায় ২৫.০০ লক্ষ টাকা কর/ভ্যাট/শুল্ক প্রদান করেছে।

৩৬। **আর্থিক বিবৃতির ক্ষেত্রে ব্যবস্থাপনা পরিচালক এবং প্রধান আর্থিক কর্মকর্তা এর আর্থিক প্রতিবেদনের দায়বদ্ধতা ঃ** আর্থিক বিবৃতি পরিক্ষা করা এবং সনদ প্রদান করা ব্যবস্থাপনা পরিচালক এবং প্রধান আর্থিক কর্মকর্তা এর দায়িত্ব। এ বিষয়ে ব্যবস্থাপনা পরিচালক এবং প্রধান আর্থিক কর্মকর্তা (সি.সি) অক্টোবর ২০, ২০২২ তারিখে অনুষ্ঠিত পর্ষদ সভায় সনদ উপস্থাপন করেন, যা বার্ষিক প্রতিবেদনের ২১ নং পৃষ্ঠায় Annexure-A তে সন্নিবেশিত করা হয়েছে।

৩৭। **ঝুঁকি ব্যবস্থাপনাঃ** আমাদের ব্যবসা প্রতিষ্ঠানের বাহ্যিক ও অভ্যন্তরীণ বিভিন্ন ঝুঁকি রয়েছে। ব্যাংক দায় পরিশোধের ক্ষেত্রে কোম্পানির ঝুঁকি রয়েছে। তাছাড়া চলতি মূলধনের অভাব, প্রতিযোগী কোম্পানির সাথে প্রতিযোগিতা, আইনী বিষয় ইত্যাদি ক্ষেত্রে ঝুঁকি মোকাবেলার জন্য কোম্পানি প্রস্তুতি নিতে হবে। কোভিড-১৯ এর প্রার্দুভাবে কাঁচামালের উচ্চ মূল্য ও চলতি মূলধনের অভাবে কোম্পানি সাময়িকভাবে কিছুদিন বন্ধ থাকায় মারাত্মক ঝুকির মধ্যে রয়েছে। আজিজ পাইপস্ লিমিটেড ঝুঁকিসমূহ মোকবেলায় সার্বক্ষণিক পর্যবেক্ষণের মধ্যে রয়েছে। কোম্পানি যথাযথ পদক্ষেপ গ্রহণ করে ঝুঁকিসমূহ কাটিয়ে উঠতে সামর্থ্য হবে বলে আশা করা যায়।

৩৮। **পরিচালনা পর্ষদের চেয়ারম্যান এবং প্রধান নির্বাহী কর্মকর্তা ঃ** পরিচালনা পর্ষদের চেয়ারম্যান এবং ব্যবস্থাপনা পরিচালক হিসেবে পৃথক পৃথক ব্যক্তি নিয়োজিত রয়েছেন।

৩৯। **কোম্পানি সচিব, প্রধান অর্থ কর্মকর্তা ও অভ্যন্তরীণ নিরীক্ষা ও কমপ্লায়েন্স কর্মকর্তা ঃ** কোম্পানি সচিব, প্রধান অর্থ কর্মকর্তা ও অভ্যন্তরীণ নিরীক্ষা ও কমপ্লায়েন্স কর্মকর্তার পদসমূহে পৃথক পৃথক কর্মকর্তা নিয়োজিত রয়েছেন।

৪০। **সামাজিক দায়বদ্ধতা ঃ** প্রাতিষ্ঠানিক সামাজিক দায়বদ্ধতার অংশ হিসেবে ফরিদপুরে মসজিদ উন্নয়নে সহায়তা অব্যাহত রয়েছে।

৪১। **পরিচালকদের সম্মানি ঃ** কোম্পানির পরিচালনা পর্ষদের চেয়ারম্যান মহোদয়কে মাসিক ১০,০০০/- টাকা সম্মানি প্রদান করা হয়। এছাড়া স্বতন্ত্র পরিচালক ও অন্যান্য পরিচালকগণ কেবলমাত্র পর্ষদ সভা ও সাব কমিটি সভায় উপস্থিতির জন্য সম্মানি পেয়ে থাকেন, তাঁদেরকে আর কোন সম্মানি প্রদান করা হয় না। উল্লেখ্য উদ্যোক্তা পরিচালক জনাব মোহাম্মদ আব্দুল হালিম সভায় উপস্থিতির জন্য স্বপ্রণোদিত হয়ে সম্মানি গ্রহণ করেন না।

৪২। **কর্পোরেট গভর্নেন্স কমপ্লায়েন্স রিপোর্ট ঃ** বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের ৩ জুন ২০১৮ তারিখের Corporate Governance Code অনুযায়ী "কর্পোরেট গভর্নেন্স কমপ্লায়েন্স রিপোর্ট" Annexure-B ও C বার্ষিক প্রতিবেদনের ২২ ও ২৩নং পৃষ্ঠায় প্রকাশ করা হয়েছে।

৪৩। **কৃতজ্ঞতা স্বীকার ঃ** সম্মানিত শেয়ারহোল্ডারবৃন্দ, ক্রেতাবর্গ, ডিলারগণ, সরবরাহকারী, কর্মকর্তা কর্মচারীবৃন্দ, বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন, ঢাকা স্টক এক্সচেঞ্জ লিঃ, চট্টগ্রাম স্টক এক্সচেঞ্জ লিঃ এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের বিভিন্ন এজেন্সীকে আজিজ পাইপস্ লিঃ কে সকল প্রকার সহযোগিতা করার জন্য কোম্পানির পরিচালকবৃন্দ কৃতজ্ঞতা প্রকাশ ও ধন্যবাদ জ্ঞাপন করছে। কোভিড-১৯ করোনা ভাইরাসের প্রার্দুভাবে কোম্পানি আর্থিকভাবে ক্ষতিগ্রস্থ হয়েছে এবং নানা প্রতিকূলতায় সার্বিক কার্যক্রম সংকোচিত করেছে। কোম্পানির দৃঢ়তার সাথে বিরূপ প্রতিকূলতাগুলি অনুকূলে নিয়ে চলতি মূলধন সংগ্রহের মাধ্যমে প্রবৃদ্ধি ও মুনাফা অর্জনের প্রচেষ্টা অব্যাহত রেখে সাফল্যের ধারায় ফিরবে বলে আশাবাদ ব্যক্ত করছি। মহান আল্লাহ্পাক আমাদের সহায় হোন।

ধন্যবাদান্তে,

পরিচালনা পর্ষদের পক্ষে

**(মোঃ নূরুল হক)**

চেয়ারম্যান